

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৪১.০১০.১৮.১৩(অংশ).১৫৬৬

তারিখঃ ২০-১১-২০১৪খ্রি:

পরিপত্র


বিষয়: সকল সংস্থা/কোম্পানির ট্রান্সফর্মার ওভারলোড ও পুড়ে যাওয়া রোধকল্পে নীতিমালা।

ট্রান্সফর্মার ওভারলোড ও পুড়ে যাওয়া রোধকল্পে এ বিভাগের অধীনস্থ সকল সংস্থা/কোম্পানিকে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে-

- ক) ওভারলোডেড ট্রান্সফর্মারের পরিমাণ লক্ষ্যমাত্রা অনুযায়ী কমাতে হবে এবং লাইনে স্থাপিত ট্রান্সফর্মারের হালনাগাদ লোড না জেনে উক্ত ট্রান্সফর্মার থেকে নতুন কোন সংযোগ দেয়া যাবে না;
- খ) ট্রান্সফর্মার নিয়মিত মনিটরিং নিশ্চিত করতে হবে;
- গ) বছরে ন্যূনতম তিনবার পিক সময়ে (মে, জুলাই ও অক্টোবর মাসে) ট্রান্সফর্মারের লোড পরিমাপ করতে হবে;
- ঘ) ৩ ফেজের ট্রান্সফর্মার/ট্রান্সফর্মার ব্যাংকের ক্ষেত্রে লোড পরিমাপের সময় ও নতুন সংযোগ প্রদানের সময় ফেজ ব্যালেন্সিং করতে হবে;
- ঙ) উপযুক্ত তার (wire) দিয়ে ট্রান্সফর্মারের যথাযথ গ্রাউন্ডিং নিশ্চিত করতে হবে;
- চ) ট্রান্সফর্মারের HT সাইডে গুণগত মান ও সঠিক সাইজের Lightning Arrester ও Drop Out Fuse Cut-out (DOFT) স্থাপন নিশ্চিত করতে হবে;
- ছ) ট্রান্সফর্মারের HT সাইডে Proper Insulated Connector ব্যবহার করতে হবে;
- জ) হর্ণগ্যাপ টাইপ ট্রান্সফর্মার এর গ্যাপ সঠিক মানের রাখতে হবে;
- ঝ) বছরে ন্যূনতম একবার প্রতিটি ট্রান্সফর্মারের তেলের Break down Voltage Test সম্পন্ন করতে হবে;
- ঞ) ট্রান্সফর্মারের LT Side এ প্রটেকশন নিশ্চিত করতে হবে;
- ট) প্রত্যেকটি বিদ্যুৎ বিতরণ সংস্থায় ট্রান্সফর্মার মেরামত ও টেস্টের জন্য ওয়ার্কশপ স্থাপন করতে হবে যাতে নিজস্ব ওয়ার্কশপে প্রয়োজনীয় রুটিন টেস্ট ও মেরামত কাজ করা সম্ভব হয়;
- ঠ) সংগ্রহকালীন সময়ে ট্রান্সফর্মারের প্রকৃত ক্ষমতা নিশ্চিত হওয়ার জন্য আলাদা আলাদা রেটিং এর ন্যূনতম ৫% স্যাম্পল সাইজ নিয়ে Temperature rise test করতে হবে;
- ড) সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানির জন্য বিতরণ ট্রান্সফর্মারের Standardized Specification বিদ্যুৎ বিভাগ নির্ধারণ করবে;
- ঢ) পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ঢাকার পার্শ্ববর্তী পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে যেমন- ঢাকা-১,২,৩, গাজীপুর, মুন্সিগঞ্জ, নরসিংদী-১,২, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল পবিসসহ যে সকল পবিসে বিদ্যুতের চাহিদার পরিমাণ বেশি (Concentrated load এর ক্ষেত্রে) সে সকল স্থানে ৩ ফেজ ট্রান্সফর্মার স্থাপন করা যেতে পারে;
- ণ) ট্রান্সফর্মার এর পিরিয়ডিক রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে;

(ত) বিদ্যুৎ বিভাগের নির্দেশনার আলোকে ট্রান্সফর্মার ওভারলোড ও পুড়ে যাওয়া রোধে বিতরণ সংস্থা/ কোম্পানি মাসিক অগ্রগতি প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে;

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।


  
(মোঃ মাহবুব-উল-আলম)  
যুগ্ম-সচিব

নং-২৭.০০.০০০০.০৪১.০১০.১৮.১৩ (অংশ).১৫৬৬

তারিখঃ ২০-১১-২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বিউবো/পবিবো, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/পিজিসিবি/ইজিসিবি/নওজোপাডিকো/  
নওপাজেকো/এপিএসসিএল/আরপিসিএল/কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিঃ, ঢাকা/খুলনা/  
বি-বাড়িয়া।
- ৪। -----
- ৫। যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন/সমন্বয়), বিদ্যুৎ বিভাগ।
- ৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

  
(শেখ শোয়েবুল আলম) ২০/১১/১৪  
উপ-সচিব (প্রশাসন-১)  
ফোন: ৯৫১৩৩৬৪  
e-mail : admin-1@pd.gov.bd